

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও, নং-২০১-আইন/২০১৮/৮০৪-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৬৭-আইন/২০১৮/৭৯০-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) টেবিল-৪ (সেবা পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা- ১০০৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে, এবং
- (খ) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৪৪.৪৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর উক্ত টেবিলের কলাম (১) এ নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৪৪.৭১ সকল কম্পিউটার ও কম্পিউটারের
 এইচ.এস. কোড যন্ত্রাংশ।”।
(৪৪৭১.৬০.১০ ব্যতীত)

০২। এই প্রজ্ঞাপনের দফা (ক) ৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং দফা (খ) অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব